


# বাংলা



জুয়েল


Web: <http://jewel.50webs.com/>

## ফোল্ডার নেম বাংলাতে লিখুন



ইউনিকোড সাপোর্ট করে এমন ফন্ট এবং কিবোর্ড ম্যানেজার থাকলে অনায়াসে আপনি ফোল্ডার নেম বাংলাতে লিখতে পারবেন। শুধু ছোট একটা সেটিং পরিবর্তন করতে হবে। ডেস্কটপে খালি জায়গায় রাইট-বাটন ক্লিক করে Properties এ ক্লিক করুন। Display Properties ওপেন হবে। Appearance ট্যাবে গিয়ে Advanced বাটনে ক্লিক করুন। Advanced Appearance বক্স ওপেন হবে। Item মেন্যু থেকে Icon সিলেক্ট করুন। ডিফলট ফন্ট থাকে Tahoma এবং ফন্ট সাইজ ৮। ফন্ট পরিবর্তন করে Vrinda সিলেক্ট করুন এবং ফন্ট সাইজ পছন্দ মত সিলেক্ট করুন। OK--Apply দিন। এবার ফোল্ডার নেম টাইপ করার সময় বাংলা এনাবল করে টাইপ করলেই হবে। ইউনিকোড কিবোর্ড ম্যানেজার হিসেবে আমার পছন্দ Unijoy। নিচের লিংক থেকে বিনামূল্যে Unijoy ডাউনলোড করতে পারবেন।

[http://www.ekushey.org/projects/shadhinota/uni\\_joy.html](http://www.ekushey.org/projects/shadhinota/uni_joy.html)



২০ টি মন্তব্য

## বাংলা ইউনিকোড ফন্ট



আমরা যারা কম্পিউটারে বাংলা নিয়ে কাজ করি তাদের মাঝে সমস্যা হয়ে যায় কোন ফন্টটা ইউনিকোড কমপ্লায়েন্ট আর কোনটা না। আমি তাদের জন্য ছবিতে তিনটা ডাউনলোড লিংক দিলাম।

লিংকগুলোতে যেসব ফন্ট পাবেনঃ

১নং লিংকে পাবেন- আকাশ, অনি, লিখন ও মুক্তি ফন্ট।

২নং লিংকে পাবেন- বাংলা, একুশে আজাদ, একুশে দূর্গা, একুশে গোপালী, একুশে মহুয়া, একুশে পূজা, একুশে পূর্ণভবা, একুশে শরৎতি, একুশে শরিফা, একুশে সুমিত, শোলায়মান লিপি, বুপালী, লিখন, আকাশ, মিত্র মনো, সাগর ও মুক্তি ফন্ট।

৩নং লিংকে পাবেন- একুশে আজাদ, একুশে দূর্গা, একুশে গোপালী, একুশে মহুয়া, একুশে পূজা, একুশে পূর্ণভবা, একুশে শরৎতি, একুশে শরিফা, একুশে সুমিত, শোলায়মান লিপি ও বুপালী ফন্ট।



৪ টি মন্তব্য

## কম্পিউটারে বাংলা ভাষার ব্যবহার

1. <http://www.bengalinux.org/>
2. <http://www.omiconlab.com/>
3. <http://bn.openoffice.org/>
4. <http://www.nongnu.org/freebangfont/index.html>
5. <http://www.ekushey.org/projects/>
6. <http://www.banglasoftware.com/>

কম্পিউটারে বাংলা ভাষাকে সহজ ও ব্যবহারযোগ্য করার জন্য যারা কাজ করে যাচ্ছেন তাদের ওয়েবসাইট সমূহ নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করছিঃ

১. প্রথমে আমি এই ওয়েবসাইটটিকে আন্তরিকভাবে ধন্যবাদ জনাচ্ছি, এই সাইটের মাধ্যমে আমরা বাংলা ভাষায় নিজের মনের ভাব প্রকাশ করতে পারছি।
২. লিনাক্স অপারেটিং সিস্টেম বাংলায় চালু করার জন্য অংকুর প্রকল্প কাজ করে যাচ্ছে। বিস্তারিত জানার জন্য ওদের ওয়েব এড্রেস হলো- ছবির ১নং লিংক।
৩. অল্প কিবোর্ড হলো উইন্ডোজের জন্য তৈরী ইউনিকোড ভিত্তিক বাংলা টাইপিং সফটওয়্যার। এটি বিনামূল্যে বিতরণ করা হয়। ওয়েবসাইট হলো ছবির ২নং লিংক।
৪. ওপেন অফিস ডট ও, আর, জি এখন বাংলা সংস্করণে ও পাওয়া যাচ্ছে। এড্রেস ছবির ৩নং লিংক।
৫. মুক্ত বাংলা ফন্ট ইউনিকোড ভিত্তিক বিনামূল্যে বিতরণযোগ্য ফন্ট। ডাউনলোড করুন ছবির ৪নং লিংক থেকে।
৬. একুশে প্রজেক্ট ইউনিকোড ভিত্তিক বাংলা টাইপিং ম্যানেজার, বাংলা ফন্ট ইত্যাদি নিয়ে কাজ করছে। ছবির ৫নং লিংক এ দেখুন।
৭. বাংলাওয়ার্ড একটি পূর্ণাঙ্গ বাংলা ওয়ার্ড প্রসেসর। বিস্তারিত দেখুন ছবির ৬নং লিংক এ।

1. <http://www.bengalinux.org/>
2. <http://www.omiconlab.com/>
3. <http://bn.openoffice.org/>
4. <http://www.nongnu.org/freebangfont/index.html>
5. <http://www.ekushey.org/projects/>
6. <http://www.banglasoftware.com/>

৬ টি মন্তব্য

## কম্পিউটারে বাংলা ভাষার ব্যবহার (পর্ব-২)

1. <http://www.akkhorbangla.com/>
2. <http://lekho.sourceforge.net/>
3. <http://www.bangladiet.org/>
4. <http://banglapedia.search.com.bd/>
5. [www.banglalive.com/banglalivecalendar/](http://www.banglalive.com/banglalivecalendar/)

গতপর্বে আমি কিছু বাংলা সফটওয়্যার সাইট নিয়ে আলোচনা করেছিলাম এই পর্বে আরো কিছু সাইট নিয়ে আলোচনা করছি।

১. অক্ষর ওয়ার্ড প্রসেসরঃ এই সফটওয়্যারটি দিয়ে আপনি খুব সহজে বাংলা টাইপ করতে পারবেন এমনকি মাউস দিয়েও টাইপ করা যাবে। এছাড়া ও সফটওয়্যারটিতে আছে বাংলা কিবোর্ড লেআউট, বাংলা ক্যালেন্ডার, ইউনিকোড কনভার্টার, ইংলিশ টু বাংলা ট্রানসলেটর, টাইপ টিউটর ইত্যাদি। ওয়েবের এড্রেস ছবির ১নং লিংক।
২. লেখঃ এটি একটি পেলেইন টেক্সট এডিটর। ফোনেটিক টাইপ সাপোর্ট করে। বিস্তারিত ছবির ২নং লিংক এ দেখুন।
৩. অনলাইন বাংলা অভিধানঃ এই সাইটে রয়েছে ইংলিশ টু বাংলা অভিধান এবং বাংলা টু ইংলিশ অভিধান।

ছবির ৩নং লিংক দেখুন।

৪. বাংলাপিডিয়াঃ বাংলাদেশের জাতীয় এনসাইক্লোপিডিয়া। ছবির ৪নং লিংক।

৫. বাংলা ক্যালেন্ডারের জন্য ছবির ৫নং লিংক দেখুন।



০ টি মন্তব্য

<http://freebooks.50webs.com>